কালের কণ্ঠ

তারিখ ...২৮ JUL 2015...
পৃষ্ঠা ...৫... কলাম ...৮...

বেসরকারি বিশ্ববিদ্যালয়

# নিয়মে আনতে ইউজিসিকে শিক্ষামন্ত্রীর তাগিদ

নিজস্ব প্রতিবেদক ▷

বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে সংশ্লিষ্ট আইনের আওতায় পরিচালিত করতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে (ইউজিসি) আরো সক্রিয় হওয়ার তাগিদ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল সচিবালয়ে ইউজিসির চেয়ারম্যান ও সদস্যদের সঙ্গে বৈঠকে এ তাগিদ দেওয়ার পর ইউজিসি আগামী ১৩ আগস্ট বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্য ও ট্রাস্টি বোর্ডের সদস্যদের নিয়ে বৈঠক করার সিদ্ধান্ত নিয়েছে। দেশে বর্তমানে ৮৩টি বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে। এর মধ্যে অধিকাংশের বিরুদ্ধেই 'বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০' তোয়াক্কা না করার অভিযোগ রয়েছে। ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বৈঠক সম্পর্কে বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার মান নিশ্চিত করা, নির্ধারিত সময়ের মধ্যে নিজস্ব স্থাপনায় স্থানান্তর, আর্থিক হিসাব প্রদানসহ নানা বিষয় নিয়ে সংশ্লিষ্টদের সঙ্গে বৈঠক করার সিদ্ধান্ত হয়েছে।